


- * ছবি এবং এক কপি স্টাম্প সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
- ৩। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্থায়ী নিবাস সংক্রান্ত সনদপত্র, ৯ম বা তদুর্ধ্ব গ্রেডভুক্ত সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রসহ আবেদনে উল্লিখিত সকল তথ্যের সপক্ষে মূল কপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের এক কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।
 - ৪। আবেদনপত্রে কোটার উল্লেখ থাকলে উক্ত কোটার সপক্ষে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে এবং এক কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।
 - ৫। সরকারী/আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিদিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে। আবেদনের অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
 - ৬। আগামী ২৯/০৯/২০১৬ তারিখে প্রধান শিক্ষক পদে আবেদনকারীর বয়স ২৫ বৎসর থেকে ৩৫ বৎসর এবং অন্যান্য পদের ক্ষেত্রে আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বৎসর হতে হবে। এসএসসি সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারন করা হবে। বয়সের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়।
 - ৭। প্রার্থীগণ আবেদনপত্রের খামের উপরে পদের নাম, নিজ জেলা এবং ঢাকা মহানগর/যে জেলার প্রার্থী হিসেবে আবেদন করা হয়েছে তাহা উল্লেখ করতে হবে।
 - ৮। নিয়োগ নীতিমালা অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।
 - ৯। পরীক্ষাগ্রহণের জন্য স্থান, তারিখ ও সময়সূচী উল্লেখপূর্বক প্রবেশপত্র যথাযথসময়ে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের বর্তমান ঠিকানায় প্রেরণ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
 - ১০। আবেদনপত্রের সংগে “শিশু কল্যাণ ট্রাস্ট” এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রমিক নং-৩ ও ৪ এ বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) দাখিল করতে হবে (ঢাকা শহরে পে-অর্ডার গ্রহণযোগ্য)।
 - ১১। প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত এবং ১০ টাকার ডাকটিকেট সংযুক্ত একটি ফেরত খাম ১০.৫X২৪ সেঃমিঃ সাইজের আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
 - ১২। আবেদনপত্র আগামী ২৯/০৯/২০১৬ তারিখের মধ্যে পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, কক্ষ নং-১০৪, মিরপুর-২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে অথবা সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না **অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**
 - ১৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিল করতে পারবে।
 - ১৪। চূড়ান্ত নিয়োগের সময় পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি পেতে পারে।
 - ১৫। শিশু কল্যাণ ট্রাস্টের ওয়েব সাইট (www.skt.gov.bd) এ বিজ্ঞপ্তি পাওয়া যাবে।



মোঃ দেলওয়ার হোসেন

(যুগ্ম-সচিব)

পরিচালক

শিশু কল্যাণ ট্রাস্ট

ফোনঃ ৫৫০৭৪৮৮৪

ই-মেইলঃ director@skt.gov.bd